



ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2

ISO 9001:2015 Certified

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemensinghpbstwo

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০২.০০৮.২৪. ৪৫৪

তারিখঃ ২৪ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৮ আগস্ট, ২০২৪ খ্রিঃ

“মেডিকেল রিটেইনার ডাক্তার (চুক্তি ভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর শ্রীপুর জোনাল অফিসের জন্য ০১ জন মেডিকেল রিটেইনার ডাক্তার (চুক্তি ভিত্তিক) নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ


- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত যে কোন মেডিকেল কলেজ হতে এম বি বি এস পাশ এবং নিবন্ধিত ডাক্তার হতে হবে।
- ০৩। শ্রীপুর জোনাল অফিসের আওতাভুক্ত উপজেলা/এলাকায় সরকারী ডাক্তার হিসাবে/ অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৪। মেডিকেল রিটেইনার ডাক্তার পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ করা হবে। তবে উভয় পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদ বাড়ানো যেতে পারে। যে কোন পক্ষ ০১ (এক) মাসের পূর্ব নোটিশ প্রদানের মাধ্যমে চুক্তির অবসান ঘটাতে পারবেন।
- ০৫। নিয়োগপ্রাপ্ত মেডিকেল রিটেইনার ডাক্তারকে সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে শ্রীপুর জোনাল অফিসে উপস্থিত থেকে কর্মকর্তা/কর্মচারী এবং তাদের নির্ভরীয় সদস্যগণের চিকিৎসা সেবা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৬। উল্লিখিত ০২ (দুই) দিন ব্যতীত প্রয়োজনে সপ্তাহের অন্যান্য দিন ব্যক্তিগত চেষ্টায় পবিসের যে কোন কর্মকর্তা/কর্মচারী চিকিৎসার জন্য যেতে পারবেন। এ জন্য কোন পৃথক ভিজিট বা ফি দেওয়া হবে না।
- ০৭। দুর্ঘটনা বা যে কোন জরুরী চিকিৎসার প্রয়োজনে পবিসের ব্যবস্থাপনার অনুরোধে পবিসের ভৌগোলিক এলাকার যে কোন স্থানে যে কোন সময় যাওয়ার প্রয়োজন হতে পারে। এজন্য প্রকৃত যাতায়াত খরচ প্রদান করা হবে।
- ০৮। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদন সাপেক্ষে নির্বাচিত প্রার্থীকে মাসিক ৮,০০০/- (আট হাজার) টাকা রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৯। উক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সম্বলিত আবেদনপত্র আগামী ২৯/০৮/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে।

- | | | |
|-----|-----------------------------|---|
| (ক) | আবেদনকারীর নাম (স্পষ্টভাবে) | : |
| (খ) | পিতার নাম | : |
| (গ) | মাতার নাম | : |
| (ঘ) | স্থায়ী ঠিকানা | : |
| (ঙ) | বর্তমান ঠিকানা | : |
| (চ) | শিক্ষাগত যোগ্যতা | : |
| (ছ) | জন্ম তারিখ | : |
| (জ) | ধর্ম | : |
| (ঝ) | জাতীয়তা | : |
| (ঞ) | অভিজ্ঞতা | : |

- ১১। আবেদনপত্রের সাথে রেজিস্ট্রেশন সনদ, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ (যদি থাকে), জাতীয় পরিচয়পত্র ও ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদ-এর সত্যায়িত ফটোকপি এবং ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি সংযুক্ত করতে হবে।


(অঃ পৃঃ দ্রঃ)

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


08.08.24
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে, সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ)

- ০১। মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।
- ০২। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর।
- ০৩। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৪। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৫। জেলা প্রশাসক/পুলিশ সুপার, গাজীপুর/ময়মনসিংহ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
- ০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ড ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। সিভিল সার্জন, গাজীপুর/ময়মনসিংহ।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীপুর, গাজীপুর/ভালুকা, ময়মনসিংহ।
- ১০। আবাসিক মেডিকেল অফিসার, শ্রীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শ্রীপুর, গাজীপুর/ভালুকা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভালুকা, ময়মনসিংহ।
- ১১। ডিজিএম, কারিগরী/মাওনা/গফরগাঁও/শ্রীপুর/ত্রিশাল/জামিরদিয়া মাস্টারবাড়ি জোনাল অফিস, ময়মনসিংহ পবিস-২।
- ১২। এজিএম (প্রশাসন, ওএন্ডএম/সদস্য সেবা/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ইএন্ডসি), ময়মনসিংহ পবিস-২।
- ১৩। এজিএম (ওএন্ডএম) বাটাজোর/কাওরাইদ সাব-জোনাল অফিস, ময়মনসিংহ পবিস-২।
- ১৪। এজিএম (আইটি) ময়মনসিংহ পবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৫। নোটিশ বোর্ড, ময়মনসিংহ পবিস-২।
- ১৬। অফিস কপি/মাস্টার কপি।


08.08.24
(মোঃ আকমল হোসেন)
জেনারেল ম্যানেজার
